



# সোনালী ব্যাংক প্রতিনিধি অফিস

বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।

## সোনালী ব্যাংক প্রতিনিধি অফিস, রিয়াদ থেকে নিম্নোক্ত সেবা দেয়া হয় :

### ১। সেভিংস একাউন্ট খোলা :

বাংলাদেশে সোনালী ব্যাংকের যে কোন শাখায় সেভিংস একাউন্ট খোলা যায়। এই একাউন্ট খোলার জন্য ২ কপি ছবি (পাসপোর্ট সাইজ) এবং পাসপোর্ট ও ইকামার ফটোকপি প্রয়োজন হয়।

### ২। এফসি একাউন্ট খোলা :

ফরেন কারেন্সী একাউন্টের জন্য আবেদনকারীর পাসপোর্ট, ইকামার ফটোকপি, আবেদনকারী ও নমিনীর ৩ কপি করে পাসপোর্ট সাইজের ছবি, নমিনীর জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের ফটোকপি প্রয়োজন হয়।

### ৩। বাংলাদেশে রেমিট্যান্স প্রেরণঃ

ক) সোনালী ব্যাংকের সংগে সৌদি আরবের কয়েকটি ব্যাংকের চুক্তি রয়েছে যার মাধ্যমে প্রবাসীগণ সহজে দেশে টাকা পাঠাতে পারেন। ব্যাংকগুলো হলো (১) তাহবিল আল-রাজী, (২) ব্যাংক আল বিলাদ (ইনজাজ), (৩) আরব ন্যাশনাল ব্যাংক (টেলিমানি) (৪) ন্যাশনাল কমার্শিয়াল ব্যাংক (কুইকপে), (৫) সামবা স্পীড ক্যাশ। তাছাড়া, আলইনমা ব্যাংক (এরসাল), ওয়েস্টার্ন ইউনিয়ন, আইএমই, মানিগ্রাম মাধ্যমে রেমিট্যান্স পাঠানো যায়।

খ) বাংলাদেশে কারো নামে কোন একাউন্ট না থাকলেও ক্যাশ অনলাইন সিস্টেমে শুধুমাত্র বেনিফিসিয়ারীর নাম ও মোবাইল নম্বরের ভিত্তিতে রেমিট্যান্স পাঠাতে পারেন। উক্ত রেমিট্যান্স সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে তাৎক্ষণিকভাবে উত্তোলন করা যায়।

৪। রেমিট্যান্স পাঠানোর পর সময়মত ব্যাংক একাউন্টে টাকা জমা না হলে বা ভুল তথ্যে রেমিট্যান্স পাঠালে সোনালী ব্যাংক প্রতিনিধি অফিসকে ফোনে বা ই-মেইলে (নিম্ন বর্ণিত নম্বরে) জানানো হলে তাৎক্ষণিকভাবে একাউন্টে জমা করা হয়।

### ৫। বিভিন্ন প্রকৃতির লাভজনক স্কীমে বিনিয়োগ করা যায়ঃ

#### ০১) ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড (মেয়াদ ৫ বৎসর) :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রবর্তিত প্রবাসী বাংলাদেশীদের জন্যে সর্বাধিক লাভজনক মেয়াদী বিনিয়োগ। মুনাফার হার চক্রবৃদ্ধি হারে ১২.০০% (সরল মুনাফা হার ১৫.৮০%)। কমপক্ষে ২৫,০০০ টাকা এবং এর গুণিতক সরোচ্চ যে কোন অংকে বিনিয়োগ করা যায়।  
উদাহরণ : ১০০,০০০ টাকায় ৫ বছর পর মুনাফাসহ ১,৭৯,০০০ টাকা হয়। এই বন্ডের মুনাফা সম্পূর্ণ কর মুক্ত।

বন্ড ক্রয় করার জন্য নিম্নোক্ত একাউন্টে রেমিট্যান্স পাঠাতে হবে :

Name : As per passport,  
Account No. : 33032776,  
Bank : Sonali Bank Ltd.  
Branch : Wage Earners Corp.  
Br.  
Dist : Dhaka, Bangladesh.

০২) ইউ. এস. ডলার ইনভেস্টমেন্ট বন্ড এবং ইউ. এস. ডলার প্রিমিয়াম বন্ড (মেয়াদ ৩ বৎসর)ঃ ইনভেস্টমেন্ট বন্ডে ডলারে মুনাফার হার ৬.৫% এবং প্রিমিয়াম বন্ডে টাকায় মুনাফা হার ৭.৫%। কমপক্ষে ৫০০ ডলার এবং ৫০০ এর গুণিতক সরোচ্চ যে কোন অংকে বিনিয়োগ করা যায়। এই বন্ডের মুনাফাও সম্পূর্ণ কর মুক্ত।

০৩) FDR (ফিক্সড ডিপোজিট) : সর্বনিম্ন ৩ মাস থেকে সর্বোচ্চ ৩ বৎসর মেয়াদী ডিপোজিট করা যায়।

(বিশেষ দ্রষ্টব্যঃ সকল হিসাব খোলার ক্ষেত্রে ২ কপি ছবি, পাসপোর্ট ও ইকামার ফটোকপি প্রয়োজন হয়)।

যোগাযোগ করুন: (১) মো: আবদুল ওয়াহাব, ডিজিএম, 0542851847 (২) ফরহাদ 0501068612,

(৩) ইমন 050748 0518

E-mail: sbro.riyadh@gmail.com,

www.sonalibank.com.bd